রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১২, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৮৩—৫৮৫ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৬৩—১১৮৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০১—২২০ | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৭৯—১২২৪ | (৬) ..... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১ (১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ শ্রাবণ ১৪২০/২৮ জুলাই ২০১৩

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০১৩.২০১৩-২৭২**—যেহেতু, জনাব মোঃ সামসুল আলম (৫৪২৪), জোনাল সেটেলমেন্ট অফিসার (উপসচিব), রংপুর প্রাক্তন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর হিসেবে কর্মরত থাকাকালীন উক্ত জেলার অর্পিত সম্পত্তির Assistant Custodian হওয়া সত্ত্বেও রংপুর শহরের রাধাবল্লভ মৌজার এস.এ ১৪৭৪, ১৪৭৫ ও ৬০৪ নং খতিয়ানভুক্ত মোট ৪ টি দাগের ১.২৪৫৯ একর তালিকাভুক্ত অর্পিত সম্পত্তি ১৪/২০০৭-২০০৮ নং মিস আপীল মামলায় সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি), রংপুর এর মতামত বিবেচনায় না নিয়ে Judicial mind apply না করে তৎকালীন সার্কেল অফিসার (রাজস্ব) কর্তৃক প্রদত্ত ৬৫৯/৭৩-৭৪ নং নামজারী মোকদ্দমার মাধ্যমে সৃষ্ট ৪৫০৬ নং হোল্ডিং বহাল রাখার আদেশ প্রদান করায় উক্ত অর্পিত সম্পত্তি বেহাত হওয়ার উপক্রমের মাধ্যমে সরকারি স্বার্থ ক্ষতিগ্রস্ত হওয়ার অভিযোগে জনাব মোঃ সানোয়ার হোসেন, প্রাক্তন উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী কর্তৃক প্রাথমিক তদন্তে উক্ত অভিযোগের প্রাথমিক সত্যতা প্রতীয়মান হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-৫-২০১৩ তারিখের ০৫-১৮০.০২৭.০২.০০.০১৩.২০১৩-২০০ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হলে তিনি যথারীতি জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু, গত ১৭-৭-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত ব্যক্তিগত শুনানিকালে সরকার পক্ষে জনাব মোঃ রেজাউল করিম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর এর বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, জনাব মোঃ সামসুল আলম (৫৪২৪) এর কৈফিয়তের জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, অভিযোগে বর্ণিত সম্পত্তি সংক্রান্ত আপীল মামলায় তিনি উভয় পক্ষের শুনানি গ্রহণ করে সরল বিশ্বাসে রায়/আদেশ প্রদান করেছিলেন যাতে তাঁর কোন অসৎ উদ্দেশ্য ছিল না এবং পরবর্তীতে বিবেচ্য সম্পত্তি অর্পিত সম্পত্তি মর্মে জ্ঞাত হওয়ার সাথে সাথেই তিনি রিভিউ মামলা সৃজন করে আপীল মামলায় তাঁর প্রদত্ত রায়/আদেশ রদ-রহিত করেছেন বিধায় সরকারি স্বার্থ বর্তমানে অক্ষুন্ন রয়েছে;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক শুনানিতে প্রদত্ত বক্তব্য যৌক্তিক ও গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হয় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের আলোকে বিভাগীয় মামলার কার্যক্রম চলার মত উপযুক্ত কোন ভিত্তি নেই বলে প্রতীয়মান হওয়ায় জনাব মোঃ সামসুল আলম (৫৪২৪)-কে আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী জনাব মোঃ সামসুল আলম (৫৪২৪), জোনাল সেটেলমেন্ট অফিসার (উপসচিব), রংপুর প্রাক্তন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুরকে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগের দায় হতে একই বিধিমালার বিধি ৭(২)(এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৩ ভাদ্র ১৪২০/১৮ আগস্ট ২০১৩

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০০৪.২০০৮-২৯৯**—যেহেতু, জনাব মোঃ শাহ নেওয়াজ (৪৮০৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় (লিয়েন বাতিলকৃত)-কে এ মন্ত্রণালয়ের বৈদেশিক নিয়োগ শাখার গত ১২-১২-২০০৬ খ্রিঃ তারিখের সম/(বৈঃনিঃ)/৪০/২০০৬-২০২ নং স্মারকে গত ০১-০১-২০০৭ খ্রিঃ তারিখ অথবা যোগদানের তারিখ থেকে ৫(পাঁচ) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয়। তিনি উক্ত লিয়েন গ্রহণ করে গত ০১-০১-২০০৭ খ্রিঃ তারিখ কানাডা গমন করেন। গত ৩১-১২-২০১১ তারিখে উক্ত লিয়েনের মেয়াদ শেষ হওয়ার কথা থাকলেও তিনি উক্ত লিয়েন শেষে কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, তিনি প্রতারণার আশ্রয় নিয়ে মিথ্যা তথ্য দাখিল করে উক্ত লিয়েন নেয়ায় এবং উক্ত লিয়েনে প্রদত্ত অঙ্গিকারনামা ও লিয়েন মঞ্জুরিপত্রের শর্ত ভঙ্গ করায় গত ০১-০১-২০০৭ খ্রিঃ থেকে উক্ত মঞ্জুরকৃত লিয়েন আদেশ বাতিল করে তাঁকে অবিলম্বে সরকারি চাকুরিতে যোগদানের জন্য এ মন্ত্রণালয়ের বৈদেশিক নিয়োগ শাখার গত ০৭-০৬-২০১০ খ্রিঃ তারিখের ০৫.১৪৬.০১১.০০.০০.০৪০. ২০০৬-১১০ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হলেও তিনি উক্ত নির্দেশনা মোতাবেক দেশে ফিরে কর্মস্থলে যোগদান না করে গত ০১-০১-২০০৭ খ্রিঃ তারিখ থেকে অননুমোদিতভাবে একাধিক্রমে ৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত আছেন;

যেহেতু, তিনি বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি-৩৪ অনুযায়ী গত ০১-০১-২০০৭ খ্রিঃ তারিখ থেকে অননুমোদিতভাবে একাধিক্রমে ৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকায় গত ০১-০১-২০১২ খ্রিঃ তারিখে কেন তাঁর চাকুরির অবসান হবে না সে বিষয়ে তাঁকে এ মন্ত্রণালয়ের গত ০৬-০৫-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০০৪.২০০৮-৩৭৪ নং স্মারকে ১০(দশ) কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য তাঁর কানাডাস্থ বর্তমান ঠিকানায় বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে কুটনৈতিক ব্যাগে ও স্থায়ী ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে (এ.ডি) পত্র দেয়া হলেও তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান করেননি এবং স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি বিনা জারিতে ফেরত পাওয়া যায়;

সেহেতু, জনাব মোঃ শাহ নেওয়াজ (৪৮০৩) গত ০১-০১-২০০৭ খ্রিঃ তারিখ থেকে অননুমোদিতভাবে একাধিক্রমে ৫(পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি-৩৪ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে গত ০১-০১-২০১২ খ্রিঃ তারিখে তাঁর চাকুরির অবসান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০১৬.২০১৩-৩০১**—যেহেতু, জনাব মোঃ রুহুল আমিন (৩৬০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় (সাবেক সংস্থাপন মন্ত্রণালয়)-কে বিগত ০৩-১১-২০০৯ তারিখের সম/উনি-২(উস)-০১/২০০৯ (অংশ-১)-১৪০৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে (পঃপৃঃ-০১-০২) বিদ্যুৎ বিভাগে সংযুক্তি প্রদান করা হলেও তিনি যথাসময়ে বিদ্যুৎ বিভাগে যোগদান না করে এ মন্ত্রণালয় থেকে নিয়মিত বেতন-ভাতাদি উত্তোলন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আইন সংগত আদেশ লঙ্ঘন করে ইচ্ছাকৃতভাবে দীর্ঘদিন পর গত ২৮-০৩-২০১৩ তারিখে অর্থাৎ প্রায় ৩(তিন) বছর ৫(পাঁচ) মাস পরে বিদ্যুৎ বিভাগে যোগদান করেন। তিনি সংযুক্তি প্রদানের আদেশ জারির দীর্ঘকাল পর গত ২৮-০৩-২০০৯ তারিখে বিদ্যুৎ বিভাগে যোগদান করায় তাঁকে এ মন্ত্রণালয়ের গত ০৭-০৫-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৩১.০০.০২৭.০৭.৫৫৮ নং স্মারকে (পঃপৃঃ ০৪) গত ১৪-০৫-২০১৩ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়ে ব্যাখ্যা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। তিনি দীর্ঘদিন পর কর্মস্থলে যোগদানের বিষয়ে গত ১৪-০৫-২০১৩ তারিখে ব্যাখ্যা (পঃপৃঃ ০৫) প্রদান করেছেন এবং তাঁর প্রদত্ত উক্ত ব্যাখ্যা সন্তোষজনক মর্মে বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২-৭-২০১৩ তারিখের ০৫-১৮০.০২৭.০২.০০.০১৬.২০১৩-২৪২ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হলে তিনি যথারীতি জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ৩১-৭-২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং উক্ত ব্যক্তিগত শুনানিকালে সরকার পক্ষে জনাব এস.এম. শফিক, সিনিয়র সহকারী সচিব, উনি-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, জনাব মোঃ রুহুল আমিন (৩৬০৪) এর কৈফিয়তের জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, সরকার পক্ষের বক্তব্য, নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকতা তাঁর বদলী/পদায়ন বিষয়ে নিয়মিতভাবে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে সাক্ষাৎ করে পদায়নের জন্য অনুরোধ করেছিলেন; যা থেকে প্রতীয়মান হয় যে, তিনি সংযুক্তি বা বদলীকৃত কর্মস্থলের তথ্য

যথাসময়ে জানতে না পারায় সময় মতো যোগদান করতে পারেন নি এবং এ অপরাধের জন্য বিনীতভাবে ক্ষমা প্রার্থনা করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতির প্রার্থনা করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক শুনানিতে প্রদত্ত বক্তব্য যৌক্তিক ও গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হয় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের আলোকে বিভাগীয় মামলার কার্যক্রম চলার মত উপযুক্ত কোন ভিত্তি নেই বলে প্রতীয়মান হওয়ায় জনাব মোঃ রুহুল আমিন (৩৬০৪)-কে আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, উক্ত সিদ্ধান্ত অনুযায়ী জনাব মোঃ রুহুল আমিন (৩৬০৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগের দায় হতে একই বিধিমালার বিধি ৭(২)(এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

**[একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত]**

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২২ আগস্ট ২০১৩

**নং মঃসেল/১এম-৪১/৯১/২৭৭**—The Bangladesh Abandoned Property (Taking over Possession) Rules 1972 এর Rules-6(1)(2) এবং 6(1)(3 A) মোতাবেক সরকার নিম্নলিখিত বাড়িটিকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পরিত্যক্ত সম্পত্তি হিসেবে ঘোষণা করলেন ঃ

| ক্রমিক নং | হোল্ডিং নম্বর/বাড়ি নম্বর |
|---|---|
| (১) | ১নং চক সার্কুলার রোড, লালবাগ, ঢাকা। |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল উদ্দিন তালুকদার**
যুগ্ম-সচিব।